

ডেভেলোপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা) এর পক্ষ হতে দেশের অসহায় ও এতিম মেয়েদের মধ্যে পোষাক বিতরণের লক্ষ্যে সমাজসেবা অধিদফতরের আওতাধীন সরকারি শিশু পরিবার, ছোটমণি নিবাস, সরকারি আশ্রয়কেন্দ্র, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার এবং বেসরকারি এতিমাখানায় পোষাক বিতরণের তথ্যঃ

গত ০৯.০২.২০২১ ইং তারিখে সরকারি শিশু পরিবার (বালিকা), রূপগঞ্জ, নারায়নগঞ্জ এর ১০০ জন মেয়ে নিবাসির মধ্যে প্রত্যেককে দু'সেট করে মোট ২০০ সেট; বাটখোলা তাজমহল খন্দকার শিশু সদন, রায়পুরা, নরসিংদী এর ৬০ জন মেয়ে নিবাসির মধ্যে ৬০ সেট এবং গত ১০.০২.২০২১ ইং তারিখে ছোটমণি নিবাস, আজিমপুর, ঢাকা এর ৩৫ জন শিশু নিবাসির মধ্যে প্রত্যেককে দু'সেট করে মোট ৭০ সেট; সরকারি আশ্রয়কেন্দ্র, মিরপুর, ঢাকা এর ২০ জন নিবাসির মধ্যে ২০ সেট; ছিন্নমূল ফাউন্ডেশন, কেরানীগঞ্জ, ঢাকা এর ২৬ জন মেয়ে নিবাসির মধ্যে ছোট মেয়েদের দু'সেট করে এবং বড় মেয়েদের এক সেট করে মোট ৩৭ সেট পোষাক বিতরণ করা হয়।



সমাজসেবা অধিদফতরাধীন সরকারি শিশু পরিবার (বালিকা), রূপগঞ্জ, নারায়নগঞ্জ এ নিবাসীদের মধ্যে পোষাক বিতরণ শেষে অতিথিবৃন্দ।



বাটখোলা তাজমহল খন্দকার শিশু সদন, রায়পুরা, নরসিংদী এর নিবাসীদের মধ্যে পোষাক বিতরণ শেষে অতিথিবৃন্দ।

বর্ধিত পোষাক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. শহীদুল ইসলাম, অতিরিক্ত পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, ঢাকা। অতিথি হিসেবে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জনাব মো. আফজাল হোসাইন, উপ-পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, ঢাকা; জনাব মোহাম্মদ সোলায়মান হোসেন, সহকারি পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নারায়নগঞ্জ; জনাব মারজিয়া, উপ-তত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালিকা), রূপগঞ্জ, নারায়নগঞ্জ; জনাব মোহাম্মদ নঈম জাহাঙ্গীর, ভারপ্রাপ্ত উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নরসিংদী; জনাব খলিলুর রহমান সরকার, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রায়পুরা, নরসিংদী; জনাব মোছাঃ জুবলী বেগম রানু, উপ-তত্ত্বাবধায়ক, ছোটমণি নিবাস, আজিমপুর, ঢাকা; জনাব মো. ছাইদুর রহমান, উপ-সহকারী পরিচালক, সরকারি আশ্রয়কেন্দ্র, মিরপুর, ঢাকা; প্রতিষ্ঠান সমূহের কার্যনির্বাহী পরিষদের সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। দিশা'র পক্ষে জনাব এজিএম বদরুজ্জামান, পরামর্শক (প্রশাসন), জনাব মো. শামিনুর রহমান, সহকারী প্রকিউরমেন্ট অফিসার পোষাক বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



সমাজসেবা অধিদফতরাধীন ছোটমণি নিবাস, আজিমপুর-এ নিবাসীদের মধ্যে পোষাক বিতরণ শেষে অতিথিবৃন্দ।



ছিন্নমূল ফাউন্ডেশন, কেরানীগঞ্জ, ঢাকায় প্রধান অতিথি কর্তৃক পোষাক বিতরণ।

এছাড়া, গত ১৩.০২.২০২১ ইং তারিখে কাজিয়াতল মাহবুবা খাতুন বালিকা এতিমখানা, মুরাদনগর, কুমিল্লা এর ৮৬ জন মেয়ে নিবাসির মধ্যে ৮৬ সেট; হযরত খাদিজাতুল কোবরা (রাঃ) বালিকা এতিমখানা, মুরাদনগর, কুমিল্লা এর ১২০ জন মেয়ে নিবাসির মধ্যে ১২০ সেট; উম্মেহাতুল মুমিনীন মহিলা এতিমখানা, ব্রাহ্মনপাড়া, কুমিল্লা এর ১৩৭ জন মেয়ে নিবাসির মধ্যে ১৩৭ সেট; কুমিল্লা কেন্দ্রীয় কারাগার-এ মহিলা কয়েদীদের সাথে অবস্থানরত শিশুদের মধ্যে বিতরণের জন্য ৫০ সেট; সরকারি শিশু পরিবার (বালিকা), সংরাইশ, কুমিল্লা এর ৯৮ জন মেয়ে নিবাসির মধ্যে দু'সেট করে এবং দু'জন প্রবীণকে এক সেট করে মোট ১৯৮ সেট এবং গত ১৪.০২.২০২১ ইং তারিখে ডাঃ ফিরোজা বালিকা এতিমখানা, চান্দিনা, কুমিল্লা এর ২০ জন মেয়ে নিবাসির মধ্যে ২০ সেট পোষাক বিতরণ করা হয়।



হযরত খাদিজাতুল কোবরা (রাঃ) বালিকা এতিমখানা, মুরাদনগর, কুমিল্লায় পোষাক বিতরণ শেষে অতিথিবৃন্দ।



উম্মেহাতুল মুমিনীন মহিলা এতিমখানা, ব্রাহ্মনপাড়া, কুমিল্লায় পোষাক বিতরণ শেষে অতিথিবৃন্দ।

বর্ণিত পোষাক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জেড. এম. মিজানুর রহমান, উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা। অতিথি হিসেবে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জনাব মো. কবির আহামেদ, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা, জনাব মো. নাছির উদ্দিন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ব্রাহ্মনপাড়া, কুমিল্লা, জনাব আরিফুর রহমান, ডেপুটি জেলার, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার, জনাব জান্নাতুল ফেরদৌস, ডেপুটি জেলার, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার, জনাব শরফুল্লাহার মনি, উপ-তত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালিকা), সংরাইশ, জনাব নাছিম আক্তার, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চান্দিনা, কুমিল্লা, জনাব মোহাম্মাদ সাইফ উদ্দিন (রনি) সাধারণ সম্পাদক, টেলিভিশন জার্নালিস্ট এসোসিয়েশন, কুমিল্লা ও জেলা সংবাদ দাতা, মাই টিভি, প্রতিষ্ঠান সমূহের কার্যনির্বাহী পরিষদের সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। দিশার পক্ষে উপস্থিত ছিলেন জনাব মো. ইকবাল আহসান, সিনিয়র কো-অর্ডিনেটর (প্রশাসন), জনাব এজিএম বদরুজ্জামান, পরামর্শক (প্রশাসন) ও জনাব মো. শামিনুর রহমান, সহকারী প্রকিউরমেন্ট অফিসার।



কুমিল্লা কেন্দ্রীয় কারাগার-এ মহিলা কয়েদীদের সাথে অবস্থানরত শিশুদের মধ্যে বিতরণের জন্য জেল কর্তৃপক্ষের নিকট পোষাক হস্তান্তর।



ডাঃ ফিরোজা বালিকা এতিমখানা, চান্দিনায়, কুমিল্লায় পোষাক বিতরণ শেষে নিবাসীদের মাঝে অতিথিবৃন্দ।

বর্ষিত ১১ টি প্রতিষ্ঠানে মোট ৯৯৮ সেট পোষাক বিতরণ করা হয় যার মূল্য ৮,৬২,১১৭/- (আট লক্ষ বাষট্টি হাজার একশত সতের) টাকা। উক্ত পোষাক বিতরণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং পরিচালনা কমিটির সদস্যগণ উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা প্রদান করেন।